
# ক্ষমতার অপব্যবহার এবং বিধিমালা লংঘনে রেকর্ড



যুগান্তর

## প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

যুগান্তর রিপোর্ট

ক্ষমতার অপব্যবহার ও বিধিমালা লংঘনে রেকর্ড করে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যে রাষ্ট্রপতির নামে রাষ্ট্রের বিপুল অংকের অর্থ ব্যয়ে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় তার নিজের তৈরি নীতিমালা নিজেই লংঘন করেছে। রাষ্ট্রপতির নামে শিক্ষা প্রতিষ্ঠান করতে জোট সরকারের আমলে দল সমর্থক একশ্রেণীর আমলার সহায়তায় প্রায় ১৮ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়। স্থানীয় বাসিন্দাদের ভয়ভীতি দেখিয়ে একরকম জোর করে শিক্ষা প্রতিষ্ঠানের জমি অধিগ্রহণ করা হয়েছে। 'প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ' ... মাসে শেষ হয়েছে। এখন আবার দ্বিতীয় পর্যায়ে নতুন করে প্রকল্পটির কাজ শুরু করার তৎপরতা চলছে।

সূত্র জানিয়েছে, জোট সরকার বিদায় নেয়ার ১৪ মাস আগে ২০০৫ সালের আগস্ট মাসে রাষ্ট্রপতির নামে তার নিজ এলাকা মুন্সীগঞ্জে শিক্ষা প্রতিষ্ঠান করার জন্য মহলবিশেষ তৎপর হয়ে ওঠে। ক্ষমতা থেকে চলে যাওয়ার পরও রাষ্ট্রপতি যাতে চারদলীয় জোটের পক্ষে সুদৃঢ় থাকেন, সেজন্য রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদকে খুশি করার জন্য তার নামে শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ব্যাপারে সরকারের উচ্চপর্যায়ে পরামর্শ দেয়া হয়। শীর্ষপর্যায়ের সবুজ সংকেত পেয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের কয়েকজন


তারিখ 24 JUL 2008
পৃষ্ঠা ২ কলাম ২